

2 0 1 8

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুযায়ী উত্তর দাও : ১×৭=৭
- (ক) হরিহোড়ের পূর্বনাম কী ছিল ?
- (খ) “নবদ্বীপে পড়িলে সে _____ পায়।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (গ) “পাষণ তোমার কায়া জানিনু সর্বথা।”
‘পাষণ’ বলতে কার কথা বলা হয়েছে ?
- (ঘ) “ব্যাধির চেয়ে আধি হল বড়ো।”
‘আধি’ শব্দের অর্থ লেখো।
- (ঙ) “রাঘবদাস আমি; কি প্রকারে
তঁাহার বিপক্ষ কাজ করিব”
‘রাঘবদাস’ কে ?
- (চ) “হয়তো শুনিবে এক _____ ডাকিতেছে শিমুলের
ডালে;”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ছ) ‘এখানে আকাশ নীল’ কবিতায় কার ডাক শুনে কবি
মুকুন্দরামের লেখা বাধা পেয়েছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) “কেন নাচ সীমন্তিনী তুমি বল মোরে ধনী
সত্য কহ না করিহ ভয়।”

বক্তা কে? ‘সীমন্তিনী’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(খ) হরিহোড়ের মা ও বাবার নাম কী ছিল?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

“পৃথিবীর কোনো পথে দেখি নাই আমি, হয়, এমন _____
শাদা পথ—সোঁদা পথ—বাঁশের _____ মুখে বিধবার ছাঁদে
চলে গেছে—শ্মশানের পারে বুধি;”

(ঘ) ছিন্ন খঞ্জনার মতো কে, কার সভায় নেচেছিল?

৩। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“মৃগেন্দ্র কেশরী
কবে, হে বীর-কেশরী, সজ্জাষে শৃগালে
মিত্র ভাবে?”

(খ) শ্রীচৈতন্যদেবের জন্মের পূর্বে নবদ্বীপের পরিবেশ কেমন
ছিল? ‘নবদ্বীপ’ কবিতাটি অবলম্বনে সংক্ষেপে বর্ণনা
করো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“বৃদ্ধ পিতা-মাতা ঘরে আকুল অন্নের তরে
ঘুঁটে বেচা আমার সম্বল
কিছু ঘুঁটে না পাইনু মিছে বেলা মজাইনু
এ ছার জীবনে কিবা ফল।”

(ঘ) নিহিতার্থ ব্যাখ্যা করো :

“আমার চোখের পরে আমার মুখের পরে চুল তার ভাসে;
পৃথিবীর কোনো পথ এ কন্যারে দেখেনিকো দেখি
নাই অত”

(ঙ) নিহিতার্থ ব্যাখ্যা করো :

“বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ
খুঁজিতে যাই না আর।”

৪। (ক) ‘মেঘনাদ ও বিভীষণ’ কবিতাটি অবলম্বনে মেঘনাদ
চরিত্রটি পরিস্ফুট করো। ১০

অথবা

(খ) ‘চণ্ডীর চরণে মনসা’ কবিতাটি অবলম্বনে মনসার
ক্ষোভের কারণগুলি আলোচনা করো। ১০

৫। (ক) ‘ফাঁকি’ কবিতা অবলম্বনে বিনু চরিত্রটি আলোচনা করো। ১০

অথবা

(খ) ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতায় গ্রামবাংলার জীবন
ও প্রকৃতির যে চিত্র ফুটে উঠেছে তার বিবরণ দাও। ১০

৬। (ক) ‘দূর পৃথিবীর গন্ধে’ শীর্ষক কবিতাটির সারসংক্ষেপ
লিপিবদ্ধ করো। ১০

অথবা

(খ) “এখানে আকাশ নীল’ শীর্ষক কবিতায় পল্লিবাংলার
রূপচ্ছবি বর্ণনায় কবি বাংলার অতীত ও ঐতিহ্য অনুসরণ
করেছেন।” মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

★ ★ ★